

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩১৩৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدِّمًا أَوْ مُؤَخَّرًا) পরিচ্ছেদঃ বিপদাপদের মাধ্যমে পরীক্ষা করা হলে, সেসময় কোন নারী কর্তৃক অপরাপর নারীদেরকে কান্নায় সহযোগিতা করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنِ إِسْعَادِ الْمَرْأَةِ النَّسَاءِ عَلَى الْبُكَاءِ عِنْدَ مُصِيبَةٍ يُمْتَحَنُ بِهَا

আরবী

3134 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ بْنِ عُمَيْرٍ قَالَ: قَالَتْ أُمُّ سَلَمَةَ: لَمَّا مَاتَ أَبُو سَلَمَةَ قُلْتُ: غَرِيبٌ فِي أَرْضٍ غُرْبَةٍ: لِأَبْكِينَ بُكَاءُ يُتَحَدَّثُ عَنْهُ وَكُنْتُ قَدْ هَيَّأْتُ الْبُكَاءَ عَلَيْهِ إِذْ أَقْبَلَتْ امْرَأَةً مِنَ الْمُسْعَدَاتِ تُرِيدُ أَنْ تُسْعِدَنِي فَاسْتَقْبَلَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , وَقَالَ: (تُرِيدِينَ أَنْ تُدْخِلِي الشَّيْطَانَ بَيْتًا أَخْرَجَهُ اللَّهُ مِنْهُ؟) قَالَتْ: فَكَفَفْتُ عَنِ الْبُكَاءِ، وَلَمْ أَبْكِ
 الراوي : أُمُّ سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
 الصفحة أو الرقم: 3134 | خلاصة حكم المحدث: صحيح: م.

বাংলা

৩১৩৪. উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন আবু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহু মারা যান, তখন আমি বললাম, “এক প্রবাসী প্রবাসে মারা গেলো। আমি এমন কাঁদা কাঁদবো যে, তা স্মরণীয় হয়ে থাকবে। আর তার জন্য কান্নার প্রস্তুতিও গ্রহণ করি। এমন সময় এক মহিলা কান্নায় সহযোগিতা করতে আসে। তখন তার সাথে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দেখা হয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তুমি এমন ঘরে শয়তানকে প্রবেশ করাতে চাচ্ছে, যে ঘর থেকে আল্লাহ শয়তানকে বের করে দিয়েছেন।”

উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “অতঃপর আমি কান্না করা থেকে বিরত থাকি। আমি আর মোটেও কান্না করিনি।”[1]

ফুটনোট

[1] তাবারানী: ২৩/৬০১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৯১; মুসনাদ আহমাদ: ৬/২৮৯; হুমাইদী: ২৯১; সহীহ মুসলিম: ৯২২; সুনান বাইহাকী: ৪/৬৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩১৩৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92464>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন